



ভারতীয় ভিসার কোটা আটকে রাখছে বাংলাদেশি এজেন্সি: ডেপুটি হাইকমিশনার



ঢাকায় নিযুক্ত ভারতের ডেপুটি হাইকমিশনার পবন বাদেহ। ছবি: সংগৃহীত

বাংলাদেশি কিছু এজেন্সি ভারতীয় ভিসার কোটা আগেই ব্লক করে রাখায় সাধারণ আবেদনকারীরা ভোগান্তিতে পড়ছেন বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ভারতের ডেপুটি হাইকমিশনার পবন বাদেহ। এ সমস্যা সমাধান করে ভিসা আবেদনপ্রক্রিয়া সহজ ও স্বচ্ছ করতে ভারতীয় হাইকমিশন কাজ করছে বলেও জানান তিনি।

রোববার (১৮ অক্টোবর) সন্ধ্যায় টাঙ্গাইলের মির্জাপুরে দানবীর রণদা প্রসাদ সাহার বাড়ির পূজামণ্ডপ পরিদর্শনের আগে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

পবন বাদেহ বলেন, কিছু এজেন্সি আগেই ভিসার কোটা আটকে রাখায় সাধারণ মানুষ সময়মতো আবেদন জমা দেওয়ার সুযোগ পান না। এতে ভিসা পেতে জটিলতা তৈরি হচ্ছে। আবেদনকারীদের এ ভোগান্তি কমাতে হাইকমিশন উদ্যোগ নিয়েছে।

এর আগে তিনি কুমুদিনী হাসপাতালের লাইব্রেরি পরিদর্শন করেন। পরে রণদা প্রসাদ সাহার বাড়ির পূজামণ্ডপ ঘুরে দেখেন।

LENS ASIA